

Name : Md Imran Hossain

ID : 211-15-3964

Section : PC-A

Course : Art of Living

Topic : শিক্ষার মাইন্ডসেটে প্রয়োজন যে পরিবর্তন

কোন কিছুতে সফল হতে হলে সেই বিষয়ে প্রথমে মানসিক প্রস্তুতির প্রয়োজন। তেমনি জ্ঞান-বিজ্ঞানের যেকোনো শাখায় দক্ষতা তৈরির পূর্বশর্ত হলো সেই বিষয়ের প্রতি আগ্রহ, ভালোবাসা ও আন্তরিকতাবোধ নিয়ে মনস্থির করা। এই মনস্থির বা মানসিকতা তৈরির মধ্য দিয়ে ব্যক্তিত্বহৃদয়ে সফল হওয়ার অনুপ্রেরণা জন্ম নেয়। কোন বিষয়ে মানসিকতা তৈরি বা মাইন্ডসেট সেই বিষয়ে আমাদের সফল করে তোলে।

শিক্ষার ক্ষেত্রেও এর কোন ব্যতিক্রম হয় না। শিক্ষার্থীদের কোন একটি বিষয়ে দক্ষ হতে হলে সেই বিষয়ে পূর্বে থেকেই স্পষ্ট মাইন্ডসেট প্রয়োজন। কিন্তু যে বিষয়ে শিক্ষার্থীদের পড়াশোনা করানো হয়, সে বিষয়ে মানসিক উৎকর্ষের অভাবে সারা দেশে যে মানের জনশক্তি তৈরির কথা ছিল, যে সামর্থ্য তৈরি হওয়ার কথা ছিল, সেই লক্ষ্য পূরণ হচ্ছে না। যার ফলে দেশে প্রকৃত অর্থে দক্ষ লোকের অভাব দেখা দেয়। যে কারণে অন্য দেশ থেকে ওই বিষয়ের দক্ষ লোক আনতে হচ্ছে।

এখনই উপযুক্ত সময় এসব গভীরভাবে ভেবে দেখার। সে ক্ষেত্রে স্পষ্ট মাইন্ডসেট তৈরিই এখানে ভূমিকা রাখতে পারে। তবে শিক্ষার্থীদের মাইন্ডসেট নিয়ে কাজ করার আগে মাইন্ডসেট পরিবর্তনকারীদের মাইন্ডসেট নিয়ে বিস্তারিত কাজ করার প্রয়োজন রয়েছে। কারণ, একটি নির্দিষ্ট বিষয়ের ওপর পড়াশোনার মধ্য দিয়ে, দক্ষ হয়ে গড়ে উঠে একটি ভবিষ্যৎ জনগোষ্ঠী তৈরি করতে হবে, সেই মাইন্ডসেট তৈরী করাই এখন গুরুত্বপূর্ণ বিষয়। শিক্ষার মাইন্ডসেটে সংশ্লিষ্ট পরিবর্তনের মাধ্যমে আমরা জাতিগতভাবে সফল হতে পারব।

